

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
আইন অধিশাখা

স্মারক নং-১২.০২৮.০০৪.০৫.০১.০২.২০১০- 220

তারিখঃ- ২৯ জ্যৈষ্ঠ ১৪২৩
১২ জুন ২০১৬

বিষয়ঃ-কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার সরকারী সম্পত্তি রক্ষনাবেক্ষণ, গুরুত্বপূর্ণ মামলা এবং বেদখল/ বেহাত হওয়া জমি-জমা উদ্ধারে করণীয় সম্পর্কে প্রশিক্ষণে মনোনয়ন প্রদান।

কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার সরকারী সম্পত্তি রক্ষনাবেক্ষণ, গুরুত্বপূর্ণ মামলা, বেদখল/বেহাত হওয়া জমি-জমা উদ্ধারে করণীয় এবং আইন বিষয়ে পর্যায়ক্রমে দেশের সাতটি বিভাগীয় শহরে প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে। ঢাকা বিভাগের জন্য ৬০ জন কর্মকর্তার প্রশিক্ষণ কর্মসূচীটি আগামী সপ্তাহে বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ফার্মগেট, ঢাকার মিলনায়তনে অনুষ্ঠিত হবে এবং প্রশিক্ষণ কর্মসূচীটি কৃষি সচিব মহোদয় সদয় উদ্বোধন করবেন বলে আশা করা হচ্ছে।

০২। অন্যান্য বিভাগীয় শহরের মনোনয়ন আগামী ১ সপ্তাহের মধ্যে কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে এবং প্রশিক্ষণ কর্মসূচীটি সচিব মহোদয়/অতিরিক্ত সচিব মহোদয়ের তারিখ ও সময় নির্ধারণ করলে জানানো হবে।

০৩। প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন ঢাকা বিভাগের দপ্তর/সংস্থার জমি-জমা এবং মামলা সংশ্লিষ্ট কর্মকর্তাদের নাম, পদবী ও মোবাইল নম্বরসহ মনোনয়ন আগামী ১৩/০৬/২০১৬ তারিখ সকাল-১১.০০ টার মধ্যে এবং অন্যান্য বিভাগীয় শহরের মনোনয়ন এক সপ্তাহের মধ্যে ই-মেইলে monsur1159@yahoo.com সহ কৃষি মন্ত্রণালয়ের আইন অধিশাখায় প্রেরণ নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(মোঃ হানিফ উদ্দীন)

উপ-সচিব (আইন)

টেলিফোন-৯৫৫২৩৭৭।

বিতরণঃ-

- ১। চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি), দিলকুশা, বা/এ, ঢাকা (প্রধান কার্যালয়-৩, প্রতি আঞ্চলিক অফিস- ১ জন করে)
- ২। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা (প্রধান কার্যালয়-২, প্রতি আঞ্চলিক অফিস-১, প্রতি জেলা অফিস-১, উপজেলা/মেট্রো কৃষি কর্মকর্তা অফিস-১)
- ৩। নিবাহী চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ফার্মগেট, ঢাকা (০১ জন কর্মকর্তা এবং প্রশিক্ষণের যাবতীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ৪। মহাপরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর (০২ জন কর্মকর্তা)
- ৫। মহাপরিচালক, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর (০২ জন কর্মকর্তা)
- ৬। মহাপরিচালক, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট, ঢাকা (০৪ জন কর্মকর্তা)
- ৭। মহাপরিচালক, বাংলাদেশ পরমানু কৃষি গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ (০২ জন কর্মকর্তা)
- ৮। মহাপরিচালক, বাংলাদেশ ইক্ষু গবেষণা ইনস্টিটিউট, পাবনা (০১ জন কর্মকর্তা)
- ৯। নিবাহী পরিচালক, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী (০১ জন কর্মকর্তা)
- ১০। নিবাহী পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা (০২ জন কর্মকর্তা)
- ১১। পরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা (০১ জন কর্মকর্তা)
- ১২। পরিচালক, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা (০২ জন কর্মকর্তা)
- ১৩। পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর (০২ জন কর্মকর্তা)
- ১৪। পরিচালক, হার্টিকালচার উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা (হার্টিকালচার সেন্টার, নুরবাগ, সোবহানবাগ ও রাজালাখ, ১ জন করে কর্মকর্তা)

সদয় অবগতি ও কার্যার্থে অনুরোধসহ অনুলিপিঃ

- ১। মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য।
- ২। উপ-সচিব, প্রশাসন-২ সেবা/ প্রশাসন-৪ অধিশাখা, কৃষি মন্ত্রণালয়।
- ৩। সচিবের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, ঢাকা-সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৪। প্রোগ্রামার, আইসিটি সেল, কৃষি মন্ত্রণালয়, ঢাকা-(নোটিশটি ওয়েবসাইটে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ৫। অতিরিক্ত সচিব (প্রশাসন ও উপকরণ/সম্প্রসারণ) ও সভাপতি, টাঙ্কফোর্স, কৃষি মন্ত্রণালয় এর ব্যক্তিগত কর্মকর্তা।